2024/FYUG/ODD/SEM/
BNGAEC–201T/236

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGAEC–201T

**( বিশ শতকের বাংলা সাহিত্য ও ভাষা )**

*পূর্ণমান : ৫০*

উত্তীর্ণমান : ২০

*সময় : ২ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) আমাদের পাঠ্য 'প্রশ্ন' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

(খ) 'অভিশাপ' কবিতায় কবি নিজেকে কী বলে চিহ্নিত করেছেন?

(গ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো :

"থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার ______।"

২। জীবনানন্দ দাসের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ২

**অথবা**

৩। 'দুঃখবাদী' কবি কে? তাঁর জন্মসন উল্লেখ করো। ২

৪। রবীন্দ্রনাথের 'প্রশ্ন' কবিতার মূল ভাব সংক্ষেপে উপস্থাপন করো। ৫

অথবা

৫। 'দেশোদ্ধার' কবিতায় যতীন্দ্রনাথ সেনগুপ্ত চাষীদের যে জীবনচিত্র ফুটিয়ে তুলেছেন তা সংক্ষেপে আলোকপাত করো। ৫

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পে 'কেরানী' কোন্ অফিসে চাকরি করতেন?

(খ) "না-হয় আর একটা বিয়েই করি।" প্রেমেন্দ্র মিত্রের 'শৃঙ্খল' গল্পে উক্ত বাক্যটি কে ব্যবহার করেছেন?

(গ) প্রেমেন্দ্র মিত্রের 'স্টোভ' গল্পে শশিভূষণের স্ত্রীর নাম কী?

(ঘ) প্রেমেন্দ্র মিত্রের একটি গল্পের নাম 'পুন্নাম'। 'পুন্নাম' শব্দের অর্থ কী?

৭। প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরানী' গল্পটি কোন্ পত্রিকায় এবং কোন্ সনে প্রকাশিত হয়? ২

অথবা

৮। 'শৃঙ্খল' গল্পের প্রধান চরিত্র দুটির নাম উল্লেখ করো। ২

৯। 'শুধু কেরানী' জীবনযুদ্ধে হেরে যাওয়ার গল্প—আলোচনা করো। ৫

অথবা

১০। 'স্টোভ' গল্পটিতে প্রেমের পরাজয়ের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারা কয়টি?





(খ) 'পাষণ্ড' শব্দটির মৌলিক অর্থ কী ছিল?

(গ) 'সন্দেশ'-এর মূল অর্থ 'সংবাদ'—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত?

(ঘ) অর্থবিস্তারের একটি উদাহরণ দাও।

১২। 'প্রদীপ' শব্দের মূল অর্থ কী ছিল? অর্থ-পরিবর্তনের ফলে এর অর্থ কী দাঁড়িয়েছে? ২

অথবা

১৩। অর্থসংশ্লেষ কাকে বলে? ২

১৪। 'অর্থসঙ্কোচ' সম্পর্কে উদাহরণসহ বিস্তৃত আলোচনা করো। ৫

অথবা

১৫। শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি কারণ আলোচনা করো। ৫

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কারক কাকে বলে?

(খ) 'কর্তৃ'কারকের একটি উদাহরণ উপস্থাপন করো।

(গ) বাংলায় মোট কত প্রকার বিভক্তি রয়েছে?

(ঘ) "আমাকে কাল গুয়াহাটি যেতে হবে।" কোন্ কারকের উদাহরণ।

১৭। কর্মকারকের সংজ্ঞা উপস্থাপন করো ও একটি উদাহরণ দাও। ২

অথবা

১৮। 'তিলে তেল হয়' এবং 'তিলে তেল আছে'—রেখাঙ্কিত পদ দুটি কোন্ কোন্ কারকের দৃষ্টান্ত? ২

১৯। অধিকরণ কারক কাকে বলে? অধিকরণ কারক কয় প্রকার ও কী কী? উদাহরণসহ উল্লেখ করো। ৫

**অথবা**

২০। বিভক্তি কাকে বলে? বিভক্তি কয় প্রকার ও কী কী? শূন্য বিভক্তির একটি উদাহরণ দাও। ৫

## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) দ্বন্দ্ব সমাস কাকে বলে?

(খ) 'শতাব্দী = শত অব্দের সমাহার'—কোন্ সমাসের উদাহরণ?

(গ) যেখানে পূর্বপদটি সংখ্যাবাচক এবং সমস্তপদের দ্বারা সংখ্যা, সংযোগ বা সমষ্টিকে বোঝানো হয় তাকে কোন্ সমাস বলে?

(ঘ) তৎপুরুষ সমাসের একটি উদাহরণ দাও।

২২। তৎপুরুষ সমাসের যে কোনো দুটি শ্রেণীর উল্লেখ করো। ২

**অথবা**

২৩। যে কোনো দুটি সমাসের নাম উল্লেখ করো। ২

২৪। তৎপুরুষ সমাস কাকে বলে? যে কোনো তিনটি তৎপুরুষ সমাসের উদাহরণ দাও। ৫

**অথবা**

২৫। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো **পাঁচটি**) : ১×৫=৫

দম্পতি ; চৌমাথা ; বিলাত-ফেরত ; গাছপাকা ; সিংহাসন ; উপকূল ; বীণাপাণি।

★ ★ ★